

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
“পল্লী ভবন”  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.brdb.gov.bd

নং-৪৭.৬২.০০০০.২০৫.২৯.০০৪.২০.২১০৬৮

তারিখ: ১৬ অক্টোবর, ২০২৩

**অফিস আদেশ**

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের নিয়মিত কার্যক্রমের পাশাপাশি এর আওতায় বাস্তবায়নধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প ও কর্মসূচির আত্মসাৎ/জালিয়াতি/অনিয়ম এর গভীরতা, সংশ্লিষ্টতা, ইচ্ছাকৃত উদাসীনতা ও সহযোগিতার সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের চিহ্নিতকরণ ও দায়-দায়িত্ব নিরূপণ/নির্ধারণপূর্বক প্রতিবেদন/সুপারিশ প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা হলো:

ক্র: নং	কর্মকর্তার পদবি	মন্তব্য
১	পরিচালক (সরেজমিন)	সভাপতি
২	যুগ্ম পরিচালক (সিসিএম)	সদস্য
৩	যুগ্ম পরিচালক (প্রশাসন)	সদস্য
৪	কর্মসূচি/প্রকল্প পরিচালক (সংশ্লিষ্ট)	সদস্য
৫	যুগ্ম পরিচালক (নিরীক্ষা)	সদস্য-সচিব


২। কর্ম-পরিধি:

- প্রাসঙ্গিক বিষয় ও তদন্ত প্রতিবেদন বিবেচনায় উদঘাটিত আত্মসাৎ/জালিয়াতি/অনিয়মের সাথে জড়িত কর্মকর্তা/কর্মচারীদের দায় নির্ধারণপূর্বক প্রতিবেদন প্রস্তুত;
- অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত আপত্তির ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক দায় নির্ধারণপূর্বক প্রতিবেদন প্রস্তুত;
- অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে অন্তর্ভুক্ত আপত্তি ও নিরীক্ষা মন্তব্যের ক্ষেত্রে জটিলতা কিংবা আবেদনের উপর দায় নির্ধারণপূর্বক সুপারিশ প্রণয়ন;
- কমিটি (ক-গ)-এ বর্ণিত কার্যক্রমসমূহ সম্পাদনপূর্বক মহাপরিচালক মহোদয়ের নিকট তা উপস্থাপন করবে।

৩। কমিটির সদস্যগণ বিধি মোতাবেক সম্মানী-ভাতা প্রাপ্য হবেন।

৪। অত্র আদেশ দ্বারা বিআরডিবি'র স্মারক নং-৪৭.৬২.০০০০.২০৩.০০.৮১৫.১৭.৫৩৪৯ তারিখ: ২৪.০৮.২০১৭ খ্রি. মূলে জারিকৃত আদেশ বাতিল বলে গণ্য হবে।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
16.10.23  
আব্বাস আলী

উপপরিচালক (প্রশাসন)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক (সকল)..... বিআরডিবি, ঢাকা।
- ২। যুগ্ম পরিচালক (সকল) ..... বিআরডিবি, ঢাকা।
- ৩। প্রকল্প/কর্মসূচি/নির্বাহী পরিচালক (সকল).....বিআরডিবি।
- ৪। উপপরিচালক (সকল), জেলা দপ্তর, বিআরডিবি.....জেলা।
- ৫। উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়), বিআরডিবি, ঢাকা।
- ৬। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৭। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (সকল).....উপজেলা.....জেলা।
- ৯। সংশ্লিষ্ট নথি/নোটিশ বোর্ড।